রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি,পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ
ই-মেইল: rtc@pstu.ac.bd
ওয়েব: www.pstu.ac.bd

Research and Training Centre
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh
E-mail: rtc@pstu.ac.bd
Website: www.pstu.ac.bd

স্মারক নং: পবিপ্রবি/ আরটিসি-বি/০১/১৫/২৪/ ১৩ তারিখঃ ০২/০৬/২০২৪ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ Research Proposal জমাদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতে (শিক্ষকদের গবেষণা কোড - বিশেষ গবেষণা এবং ছাত্র-শিক্ষকদের গবেষণা কোড - নিয়মিত গবেষণা) বরাদ্দকৃত অর্থায়নে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে Research Proposal আহবান করা যাচ্ছে। আগামী ০৭/০৭/২০২৪ খ্রি তারিখের মধ্যে নির্ধারিত প্রোফর্মা অনুযায়ী Research Proposal এর ৩টি হার্ডকপি ও ১টি সফটকপি (rtc@pstu.ac.bd) পরিচালক, রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টারের কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

Research Proposal প্রোফর্মা ও নির্দেশনাবলী পবিপ্রবি'র ওয়েবসাইট www.pstu.ac.bd হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য নির্দেশনা সমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হল। সকলের সহযোগিতা একান্ত কাম্য।

ভাইস- চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে
02/6/24

প্রফেসর ড. মোঃ ফজলুল হক
পরিচালক
রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার
পবিপ্রবি, দুমকি, পটুয়াখালী।

**বিতরণঃ**

০১। ডিন, সকল অনুষদ (বিভাগীয় শিক্ষকবৃন্দের মধ্যে বিতরনের অনুরোধসহ), পবিপ্রবি।
০২। চেয়ারম্যান, সকল বিভাগ (বিভাগীয় শিক্ষকবৃন্দের মধ্যে বিতরনের অনুরোধসহ), পবিপ্রবি ।
০৩। ডাটাবেস এডমিনিস্ট্রেটর (আইসিটি সেল)।

**অনুলিপিঃ-**

০১। রেজিস্ট্রার, পবিপ্রবি ।
০২। পরিচালক, অর্থ ও হিসাব।
০৩। পিএস টু ভাইস- চ্যান্সেলর (ভাইস- চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। ব্যক্তিগত কর্মকর্তা, ট্রেজারার মহোদয়ের সচিবালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। সংশ্লিষ্ট সকল নোটিশ বোর্ড, পবিপ্রবি ।
০৬। সংশ্লিষ্ট নথি

রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি,পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ
ই-মেইল: rtc@pstu.ac.bd
ওয়েব: www.pstu.ac.bd

Research and Training Centre
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh
E-mail: rtc@pstu.ac.bd
Website: www.pstu.ac.bd

# প্রকল্প সংশ্লিষ্ট সাধারণ তথ্যাবলি

১. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক অথবা যারা গবেষক হিসেবে পবিপ্রবি'র রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার/ইনস্টিটিউটে কর্মরত আছেন তারা PI এবং Co-PI হিসেবে নির্ধারিত ফরম্যাটে গবেষণা প্রস্তাবনা দাখিল করতে পারবেন।

২. বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত প্রকল্পের ক্ষেত্রে ০১ জন শিক্ষক ০১ টির বেশি প্রকল্পে প্রধান গবেষক/সহযোগী প্রধান গবেষক থাকতে পারবেন না।

৩. বছর ভিত্তিক এবং দীর্ঘ পরিকল্পনা ভিত্তিক (Program Based) প্রকল্প জমা দেয়া যাবে। দীর্ঘ মেয়াদী প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ৩ বছরের জন্য বছর ভিত্তিক কর্মসূচী ও বাজেট প্রনয়ন করতে হবে । উল্লেখ্য যে, বাজেট হবে গবেষণার সাথে সামঞ্জস্যপূর্ণ। তবে প্রকল্পের মেয়াদ ১ বছরের বেশী হলে প্রতি বছর শেষে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

৪. একক অর্থবছরের ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট সীমা ১-৫ লক্ষ টাকা এবং প্রভষকবৃন্দের ক্ষেত্রে সর্বোচ্চ ১ লক্ষ টাকা । তবে যে সব প্রকল্প নতুন জ্ঞান এবং প্রডাক্ট সর্ম্পকে জানার জন্য পরিচালিত এবং সেক্ষেত্রে ব্যয়বহুল কেমিক্যাল, রি এজেন্ট অথবা দামী কোন সামগ্রী ক্রয়ের প্রয়োজনীতা থাকলে অর্থের সংস্থান থাকা সাপেক্ষে সর্বোচ্চ বরাদ্দ ১০ লক্ষ টাকা পর্যন্ত হতে পারে।

৫. বাৎসরিক মোট বাজেটে PI এবং Co-PI এর সম্মানী ভাতা বাবদ মূল বেতনের ৩০% অর্থ উল্লেখ থাকবে এবং উক্ত সম্নানীর অর্থ মনিটরিং কমিটির রিপোর্ট এর ভিত্তিতে ছাড় করা হবে ।

৬. গবেষণা প্রকল্পে রিসার্চ ফেলো হিসেবে পবিপ্রবি'র ছাত্র- ছাত্রীদের অন্তর্ভূক্ত করার ব্যপারে জোড়ালোভাবে উৎসাহিত করা যাচ্ছে এবং ফেলো হিসেবে তাদেরকে সর্বোচ্চ ১২ মাসে ২৪,০০০.০০ টাকা মাত্র প্রদান করা যাবে। মাস্টাররোল শ্রমিকের ক্ষেত্রে খরচের সীমা বছরে ১ সর্বোচ্চ ১৫,০০০.০০ টাকা মাত্র।

৭. দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original Work ভিত্তিক হতে হবে। দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোন দাতাসংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহন করলে তা বাতিল হয়ে যাবে।

৮. যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন তাঁরা প্রকল্প প্রস্তাবনা জমা দিতে পারবেন না। প্রকল্প চলাকালীন কোন PI এর অনুকূলে লিয়েন/প্রেষণ মঞ্জুর হলে তা RTC কে জরুরী ভাবে অবহিত করতে হবে।

৯. কোন গবেষক অন্য কোন উৎস থেকে ০২টি প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত থাকলে RTC এর অর্থায়নে প্রকল্প প্রস্তাবনা জমা না দেওয়ার জন্য অনুরোধ করা হল।

১০. নির্ধারিত প্রোফর্মা ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই গবেষনা প্রস্তাবনা গ্রহন করা হবে না।

১১. প্রকল্প প্রস্তাবনার সকল ক্রয় প্রক্রিয়া ২০ জুন ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ।

১২. প্রকল্পের গবেষণা কাজ ০১ জুলাই ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ পর্যন্ত চলমান রাখা যাবে ।

১৩. প্রকল্পের সমুদয় খরচের সমন্বয় ভাউচার ৩০ জুন ২০২৫ ইং তারিখের মধ্যে RTC তে জমা দিতে হবে।

১৪. প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন (Final Report) ৩১ জুলাই ২০২৫ এর মধ্যে জমা দিতে হবে । পূর্ববর্তী অর্থবছরের Final Report জমা না দেওয়া হওয়া পর্যন্ত কোন PI এবং Co-PI পরবর্তী অর্থছরে গবেষণা প্রকল্প জমা দিতে পারবেন না।

১৫. প্রতিটি প্রকল্প দুই জন রিভিউয়ার দ্বারা মুল্যায়ন করা হবে। সেক্ষেত্রে একজন রিভিউয়ার হবেন পবিপ্রবি'র এবং অন্যজন বহিঃস্থ। রিভিউয়ারদেরকে RTC কর্তৃক নির্ধারিত Format অনুসরন করতে হবে। পবিপ্রবি এবং পবিপ্রবি'র বাহিরের রিভিউয়ারদের একটি তালিকা RTC সংরক্ষণ করবে।

১৬. রিভিউয়ার কর্তৃক প্রকল্প প্রস্তাব মুল্যায়নে নিম্নোক্ত মানদন্ড বিবেচিত হবেঃ-

| | Criteria | | Marks Distribution |
|---|---|---|---|
| 12.1. | Project title | – | 5 |
| 12.2. | Introduction, innovativeness and problem statement | – | 15 |
| 12.3. | Specific objectives | – | 5 |
| 12.4 | Relevance to the vision of PSTU and national development goals | – | 10 |
| 12.5. | Review and background information | – | 15 |
| 12.6. | Expected outputs and benefits of stakeholder | – | 5 |
| 12.7. | Methodology | – | 20 |
| 12.8. | Activity plan/Gantt chart | – | 10 |
| 12.9. | Budget rationale | – | 10 |
| 12.10. | Proposal design, presentation and feasibility | – | 5 |
| | Total= | | 100 |

১৭. যে সমস্ত গবেষণা প্রকল্পের বাজেট সীমা ২ লক্ষ টাকার অধিক সেসব প্রকল্পের PI মহোদয়কে মূল্যায়ন প্রক্রিয়া শেষে তার প্রকল্প Inception Workshop এ Expert Panel এর সামনে Present করতে হবে ।

১৮. অর্থায়নের জন্য চূড়ান্তভাবে অনুমোদিত প্রকল্প সমূহের পরিচালকবৃন্দের চাহিদার ভিত্তিতে PI এবং Co-PI (প্রযোজ্য ক্ষেত্রে) এর সম্মানী ব্যতীত সমুদয় অর্থ এক কিস্তিতে ছাড় করা হবে ।

১৯. হিসাব সংক্রান্ত কার্যাবলী বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক পরিচালিত হবে এবং PI কে নিশ্চিত করতে হবে যে, প্রকল্প সংক্রান্ত খরচ সমূহ Procurement Rules এবং Tax প্রদানের নিয়ম মেনে করা হয়েছে।

২০. ডিসেম্বর ২০২৪ থেকে ফেব্রুয়ারি ২০২৫ সময়ের মধ্যে অনুষদ ভিত্তিক মনিটরিং কমিটি কর্তৃক প্রতিটি প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করা হবে।

২১. প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বাজেটের লাইন আইটেম এর সাথে সঙ্গতি রেখে বরাদ্দকৃত অর্থের মধ্যে বাজেট সংশোধন করতে হবে। বরাদ্দকৃত বাজেটের খাতওয়ারী বিবরণ হবে নিম্নরূপঃ

| ক্রমিক নং | আইটেম | পরিমান | একক দর | মোট মূল্য |
|---|---|---|---|---|
| | | | | |

২২. প্রতি প্রকল্প থেকে Peer Reviewed Journal / Peer Reviewed Conference Proceedings এ কমপক্ষে ১টি article প্রকাশ করতে উৎসাহিত করা যাচ্ছে ।

২৩. রিসার্চ Abstract বইয়ের জন্য ১ কপি Abstract ৩০ জুন ২০২৫ এর মধ্যে RTC তে প্রেরণ করতে হবে।

২৪. অর্থ উত্তোলনের জন্য কোন প্রকার ফাইল উপস্থাপনের প্রয়োজন নেই তবে নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করতে হবে ঃ

| | প্রকল্পেরগবেষণা ব্যয় ছাড়করনের ক্ষেত্রে | | প্রকল্পের সম্মানীর অর্থ ছাড়করনেরক্ষেত্রে |
|---|---|---|---|
| ক. | সংশোধিত প্রস্তাবনার একটি হার্ড কপি | ক. | যথাযথভাবে পূরনকৃ তআবেদন ফর্ম |
| খ. | যথাযথভাবে পূরনকৃত আবেদন ফর্ম | খ. | মনিটরিং রিপোর্ট |
| গ. | প্রাক্কলন | | |
| ঘ. | বরাদ্দপত্রের ফটোকপি | | |
| ঙ. | রিভিউকৃত কপি | | |

২৫. কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২/৬/২৪

প্রফেসর ড. মোঃ ফজলুল হক
পরিচালক
রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার
পবিপ্রবি।